

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৮১১

পরিচ্ছেদঃ ১. ক্রয় বিক্রয়ের শর্তাবলী ও তার নিষিদ্ধ বিষয় - দাস-দাসীদের বিক্রির ক্ষেত্রে এদের আত্নীয়স্বজনের মধ্যে বিচ্ছেদ ঘটানো (অর্থাৎ একজনকে এক জায়গায় আর অন্যজনকে আরেক জায়গায় বিক্রি করা) নিষেধ

আরবী

وَعَنْ عَلِيّ بْنِ أَبِي طَالِبٍ _ رضي الله عنه _ قَالَ: أَمَرَنِي رَسُولُ اللّهِ _ صلى الله عليه وسلم _ أَنْ أَبِيعَ غُلَامَيْنِ أَحَوَيْنِ, فَبِعْتُهُمَا, فَفَرَّقْتُ بَيْنَهُمَا، فَذَكَرْتُ ذَلِكَ لِلنّبِيّ _ صلى الله عليه وسلم _ فَقَالَ: «أَدْرِكْهُمَا, فَارْتَجِعْهُمَا, وَلَا تَبِعْهُمَا إِلّا جَمِيعًا». رَوَاهُ أَحْمَدُ, وَرِجَالُهُ ثِقَاتٌ, وَقَدْ صَحَّحَهُ ابْنُ خُزَيْمَةَ, وَابْنُ الْجَارُودِ, وَابْنُ حِبَّانَ, وَالْحَاكِمُ, وَالطّبَرَانِيُّ, وَابْنُ الْقَطّانِ

صحيح. رواه أحمد (760)، وابن الجارود (575)، والحاكم (2/ 125)

বাংলা

৮১১. 'আলী ইবনু আবী তালিব (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেছেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে দু'টি দাসভাইকে বিক্রয়ের আদেশ দিয়েছিলেন। আমি তাদেরকে পৃথকভাবে বিক্রি করে দিয়েছিলাম। অতঃপর আমি এ কথা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জানালে তিনি বললেন, তাদেরকে পেলে ফেরত আনবে এবং তুমি তাদেরকে একত্রে বিক্রয় করবে। (অর্থ তারা দুইভাই যেন একত্রে বাস করতে পারে।) -এটির সকল বর্ণনাকারী নির্ভরযোগ্য; ইবনু খুযাইমাহ, ইবনু জারূদ, ইবনু হিব্বান, হাকিম, তাবারানী ও ইবনু কান্তান এটিকে সহীহ বলেছেন।[1]

ফুটনোট

[1] আহমাদ ৭৬০, ১১১৫, তিরমিযী ২১৪৫, ইবনু মাজাহ ৮১।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন